

গ্রীণ ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী  
উচ্চশিক্ষা প্রত্যাশিত মানে উন্নীত করতে সরকার গুরুত্ব দিচ্ছে

ঢাকা, ১৭ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণে ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করতে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। এজন্য এ খাতে তদারকিও জোরদার করা হয়েছে। তিনি বলেন, শিক্ষক ভাল হলে গুণগত মান উন্নয়নের সাথে সাথে বিশ্বমানও অর্জন সম্ভব।

শিক্ষামন্ত্রী আজ নারায়ণগঞ্জের রূপগঞ্জে গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর ৩য় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় একথা বলেন। সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, গ্রীণ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল্লাহ আল-মামুন, উপাচার্য প্রফেসর ড. মো. গোলাম সামদানী ফকির, এবং উপ-উপাচার্য ড. মোহাম্মদ ফইয়াজ খান বক্তৃতা করেন। সমাবর্তন বক্তা ছিলেন পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের চেয়ারম্যান ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. কাজী খলিকুজ্জামান আহমাদ।

শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞানচর্চা ও গবেষণা বাড়াতে হবে। নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোর সৃষ্ট জ্ঞান আমাদের জাতির মৌলিক ও বিশেষ সমস্যাগুলোর সমাধান দিতে পারে। এ জন্য বিশ্ববিদ্যালয়গুলোর সে ধরনের পরিকল্পনা থাকতে হবে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশে উচ্চ শিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে। এর মধ্যে বিকল্প মাধ্যমের উদ্ভাবন, বিশ্বায়নের প্রতিফলন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাসঙ্গিকতা নিশ্চিত করতে সক্ষম হচ্ছে। তিনি বলেন, গ্রীন ইউনিভার্সিটি সরকারের নীতিমালা অনুসরণ করে নিজস্ব ক্যাম্পাসে তাদের কার্যক্রম শুরু করেছে। এজন্য তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং এটি একটি সফল বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

শিক্ষামন্ত্রী বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশীদিন চলতে পারবেন না। যারা নীতিমালা অনুসরণ করছেন না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সমাবর্তনে এক হাজার ৪৬১ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। ৬ জন শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক ও ১০ জনকে ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী কৃতী শিক্ষার্থীদের হাতে পদক তুলে দেন।